দর্শনা ঘুঘুডাঙ্গা আশা অফিসের পিওনকে মারপিটের অভিযোগ

দর্শনা ঘুঘুডাঙ্গা আশা অফিসে ঋণ নেওয়ার বিষয়কে কেন্দ্র করে মারপিটের ঘটনা ঘটেছে।এ ঘটনায় আশা এনিজিও অফিসের ম্যানাজার দর্শনা থানায় দায়ের করেছে লিখিত অভিযোগ।

ঘটনার বিবরণে জানা গেছে, আজ মঙ্গলবার ৫টার দিকে ঘুঘুডাঙ্গা অফিসে এ মারপিটের ঘটনায় ৩ জনসহ অজ্ঞাত আরো ২/৩ জনকে আসামী আশা সংস্থার কর্মকর্তা মোশারফ হোসেন বাদী হয়ে এ অভিযোগ করেন।

আসামীরা হলেন, দামুড়হুদা উপজেলার ডুগডুগী গ্রামের হাশেম আলীর ছেলে দুই রিন্টু মিয়া (৩৫) ও মোঃ রায়হান (৪০) এবং মৃত্য আব্দুল আজিজ শেখ এর ছেলে হাশেম আলী (৬০) ও অজ্ঞাত আরো ২/৩ জন। ঘটনার বিবরণে জানা যায়, গত ৫ ডিসেম্বর বেলা ৩টার দিকে আশা অফিসে হাশেম আলী ও স্ত্রী রোকেয়া খাতুন (৪৫) ঋণ নিতে আসে।

এ সময় তাদের কাগজপত্র ঠিক না থাকায় ম্যানেজার আগামী ১২/১২/২০২৩ তারিখ কাগজপত্র ঠিক করে নিয়ে আসতে বলে। এক সপ্তাহ পরে ঋণ নেওয়ার কথা বলতেই রিন্টু মিয়া ক্ষিপ্ত হয়ে অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের অকথ্য ভাষায় গালিগালাজ করতে থাকে। এসময় অফিসের পিয়ন হাসান আলী তাদের অফিসের বাইরে বের করে দেয়। এর কিছুক্ষন পর আসামী ৩ জনসহ আরো অজ্ঞাত ২/৩ এসে হাসান আলী (৩৬) কে এলোপাতাড়ি কিল,ঘুষি মেরে শরীলে বিভিন্ন স্থানে নীলা-ফোলা জখম করে। এছাড়া বিভিন্ন হুমকি-ধামকি প্রদান ও ভয়ভীতি প্রদর্শন করে চলে যায়।

এ ঘটনায় সংস্থার ম্যানেজার মোশারফ হোসেন বাদী হয়ে দর্শনা থানায় একটি অভিযোগ দায়ের করেন।